

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর  
প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
ই-৭, আগারগাঁও, ঢাকা  
[www.dip.gov.bd](http://www.dip.gov.bd)



ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.৩ নং সূচক অনুসারে কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণীঃ

সভাপতি	: জনাব মোঃ সাঈদুল ইসলাম পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
সভার তারিখ	: ২৭ এপ্রিল ২০২২
সময়	: সকাল ১০:০০ ঘটিকা
স্থান	: সম্মেলন কক্ষ (কক্ষ নং - ৬০০২)
উপস্থিতি	: তালিকা সংযুক্ত

সভাপতি মহোদয় ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২। সদস্য সচিব জানান ২৭ এপ্রিল ২০২২ পর্যন্ত নিম্নোক্ত কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছেঃ

- উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে পাসপোর্ট তথ্য সহায়িকা এন্ডয়েড এ্যাপস তৈরী সম্পন্ন হয়েছে।
- সেবা সহজিকরণের লক্ষ্যে প্রধান কার্যালয়ে কিয়ঙ্কের মাধ্যমে তথ্য সেবা প্রদান করা হচ্ছে।
- সেবা ডিজিটাইজেশন এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে পার্সোনালাইজেশন সেন্টারের রিপোর্টিং কার্যক্রম ডিজিটাইজ করে এ সংক্রান্ত অফিস আদেশ গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখ প্রশাসন শাখা কর্তৃক জারি করা হয়েছে।
- ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ০৭-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ৪টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
- কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ সভা আয়োজন সম্পন্ন হয়েছে।
- কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ

- ১। ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.৫ নং কর্মসম্পাদন সূচক অনুসারে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যে অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্যদের দেশে গাইবান্ধায় অবস্থিত ফ্রেন্ডশিপ সেন্টার পরিদর্শনের পরিবর্তে রাজশাহীতে বেতবুনিয়ায় অবস্থিত সজীব ওয়াজেদ উপগ্রহ ভূ-কেন্দ্র পরিদর্শনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতির উদ্দেশ্যে নথিতে উপস্থাপনের করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় অবহিতকরণ বিষয়ে ২টি কর্মশালা নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সচিব কুমার আইন

সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)

ও

সদস্য সচিব (ইনোভেশন টিম)